দৈনিক
জনকণ্ঠ

তারিখ 29 NOV 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

# ঢাবিতে তিন দিনব্যাপী নন-ফিকশন বইমেলা শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) তিন দিনব্যাপী নন-ফিকশন বই মেলার শুরু হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদ প্রাঙ্গণে এই বই মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান। পরে তিনি বই মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

এ সময় উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, দৈনিক বণিক বার্তার সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও বিপুলসংখ্যক শিক্ষার্থী। দৈনিক বণিক বার্তা ও ঢাবি বিজনেস স্টাডিজ অনুষদ যৌথভাবে তৃতীয়বারের মতো এ মেলার আয়োজন করেন।

উদ্বোধনকালে ঢাবি উপাচার্য বলেন, শিক্ষা কার্যক্রমের পাশাপাশি বিশ্ববিদ্যালয়কে রাষ্ট্র ও সমাজের উন্নয়নে নানা ভূমিকা রাখতে হয়। আজকের বই মেলা তেমন একটি আয়োজন। আমি মনে করি এই মেলার মূল লক্ষ্য শিক্ষক-শিক্ষার্থীদের কাছে নন-ফিকশন বইকে জনপ্রিয় করে তোলা।

তিনি বলেন, এক সময় শিক্ষার্থীদের সঙ্গী ছিল বই। বই ছিল সাংস্কৃতিক ঐতিহ্য ও মর্যাদার প্রতীক। এখন তথ্য-প্রযুক্তির প্রভাবে ছেলে মেয়েদের হাতে জায়গা করে নিয়েছে মোবাইল-ট্যাব। তাই আমাদের মূলে ফিরে যেতে হবে।

এবারের বই মেলায় অংশ নিচ্ছে দেশের খ্যাতনামা ২১টি প্রকাশনা ও গবেষণা প্রতিষ্ঠান। মেলায় অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানগুলো হলো- সাহিত্য প্রকাশ, দিব্য প্রকাশ, অনন্যা প্রকাশনী, নালন্দা প্রকাশনী, কাকলি প্রকাশনী, সংহতি প্রকাশনী, সময় প্রকাশ, অবসর প্রকাশনী, আগামী প্রকাশনী, অনুপম প্রকাশনী, এপিপিএল, ঐতিহ্য প্রকাশনী, মাওলা ব্রাদার্স, এ্যাডর্ন প্রকাশনী, ইউপিএল, উৎস প্রকাশনী, বাংলা একাডেমি, বিআইডিএস, বিআইবিএম, প্রথমা প্রকাশনী ও ঢাবি বিজনেস স্টাডিজ অনুষদ।

মেলার আয়োজনে সহায়তা করছে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, মার্কেট পালস, সোনালী ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড, এক্সিম ব্যাংক ও মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে বলে জানা গেছে।